গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জুড়ী, মৌলভীবাজার
juri.moulvibazar.gov.bd

১৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ

স্মারক নং-০৩.৪৬.৫৮৩৫.০০৩.০৯.০৩৩.১৮.৯৩ তারিখঃ 28 জানুয়ারি ২০১৮ খ্রি.

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা জুড়ী উপজেলার ২০ (কুড়ি) একর পর্যমত্ম আয়তন বিশিষ্ট নিম্ন তফসিলভূক্ত জলমহাল সমূহ ১৪২৫-১৪২৭ বাংলা সনের ৩০ শে চৈত্র পর্যমত্ম ০৩ (তিন) বছর মেয়াদে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির নিকট ইজারা প্রদানের লক্ষ্যে নিমেণাক্ত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। জলমহালের শর্তাবলী সমূহ অত্রাফিস থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে এবং এ অফিস ও উপজেলা ভূমি অফিস থেকে ৫০০/- (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ ও অত্রাফিসে জমা দেওয়া যাবে। অবিক্রিত জলমহাল পরবর্তী পর্যায়ে ক্রমান্বয়ে বন্দোবসত্ম দেওয়া হবে।

আবেদনপত্র ক্রয় এবং দাখিলের তারিখ ও সময়

| ক্রঃ নং | আবেদনপত্র ক্রয় ও দাখিলের তারিখ | | মমত্মব্য |
|---|---|---|---|
| | হতে | পর্যমত্ম | |
| ০১ | ০৮/০৩/২০১৮ খ্রি. | ২১/০৩/২০১৮ খ্রি. | |
| ০২ | ০৫/০৪/২০১৮খ্রি. | ১৮/০৪/২০১৮ খ্রি. | ১ম পর্যায়ে অবিক্রিত জলমহালের জন্য। |
| ০৩ | ০৭/০৫/২০১৮ খ্রি. | ১৭/০৫/২০১৮ খ্রি. | ২য় পর্যায়ে অবিক্রিত জলমহালের জন্য। |
| ০৪ | ০৭/০৬/২০১৮ খ্রি. | ২০/০৬/২০১৮ খ্রি. | ৩য় পর্যায়ে অবিক্রিত জলমহালের জন্য। |
| ০৫ | ১২/০৭/২০১৮ খ্রি. | ২৫/০৭/২০১৮ খ্রি. | ৪র্থ পর্যায়ে অবিক্রিত জলমহালের জন্য। |
| ০৬ | ১৬/০৮/২০১৮ খ্রি. | ৩০/০৮/২০১৮ খ্রি. | ৫ম পর্যায়ে অবিক্রিত জলমহালের জন্য। |
| ০৭ | ১৭/০৯/২০১৮ খ্রি. | ২৭/০৯/২০১৮ খ্রি. | ৬ষ্ঠ পর্যায়ে অবিক্রিত জলমহালের জন্য । |

**ইজারাযোগ্য জলমহালের তালিকা**

| ক্রঃ নং | জলমহালের নাম | মৌজা/ জে.এল নং | দাগ নং | আয়তন (একরে) | বিগত তিন সনের গড় রাজস্ব/ নির্ধারিত মুল্য | ৫% বর্ধিত হারে সরকারী মূল্যে | মমত্মব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| 1. | রত্নাছড়া | ধামাই চা বাগান-১৩৯ | ২৬৮৩ | ১.৪১ | ৭০০০/- | ৭৩৫০/- | |
| 2. | বরইতলী ঝিল | বরইতলী-১৬৫ | ৯২৪ ৯২৪, ৯২৬ ১৪৯১ ১৪৯২ | ৪.৯৯ | ১,৫০,২৫৪/- | ১,৫৭,৭৬৮/- | |
| 3. | বাখরবন্দের খাটি | চাতলা হাওর-২১/১৭২ | ৩৮৮ | ২.০০ | ৭৩৫/- | ৭৭২/- | |
| 4. | এমড়াখালি চেপ্টি বান্দ | বাছিরপুর-১৩৫ | ১৬৯৩,১৪৬১,১৬৯১ | ৭.৭১ | ৯,৫০০/- | ৯,৯৭৫/- | |
| 5. | স্মরণরায়ের নালা | ভবানীপুর/বাছিরপুর হরিরামপুর | ৪২২,৬১৭,২৭৬,৮৩২ | ৩.৯১ | ৫,০০০/- | ৫,২৫০/- | |
| 6. | গুজিয়ালা | ধামাই চা বাগান ১৩৯ | ২৫২২, ২৫০৭, ২৫৯৪ ৩১২১ ৩১৩৯ | ৫,৪৫ | ৮,৫০০/- | ৮,৯২৫/- | |
| 7. | উদয়গাংরা | চাতলাহাওর 21/172 | 10 | 7.09 | 22,654/- | 23,787/- | |
| 8. | মাছুয়াখাল | চাতলাহাওর 21/172 | 362 | 8.90 | 1,00,000/- | 1,05,000/- | |
| 9. | লম্বাদাড়া-খাগটেকা | খাগটেকা | 1015,1097,1704,1806 | 11.78 | 23,000/- | 24,150/- | |
| 10. | উজানজুড়ী | জন্নারহাওর-খাগটেকা | 4402,4412,651,348 | 10.94 | 2500/- | 2,625/- | |

## বন্দোবসত্ম প্রদানের শর্তাবলী

১। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবি সমিতি (সমবায়/সমাজসেবা কর্তৃক নিবন্ধিত) জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে। উক্ত সমিতিতে যদি প্রকৃত মৎস্যজীবি নন এমন কোন সদস্য থাকেন তা হলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না।

২। জলমহালের আশে পাশে কোন মৎস্যজীবি সমবায় সমিতি পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশিস্নষ্ট জলমহালের চার পাশের নিকটবর্তী অবস্থানে বসবাসরত (বেকার যুবক, মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সমন্তান, যুব মহিলা, বিধবা ও স্বামী পরিত্যক্তা, আনসার, ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য, দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি) সমন্বয়ে গঠিত সমিতি (যাহা সমবায়/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত) বিধি মোতাবেক আবেদনের যোগ্য হবেন।

৩। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমিতি সরকারী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন না।

৪। জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত স্থানীয় প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে বন্দোবসেত্মর ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। যদি সংশিস্নষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবি সংগঠন পাওয়া না যায় সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/জেলা মৎস্যজীবি সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবসত্ম প্রদানের বিষয় বিবেচনা করা যাবে।

৫। বিজ্ঞপ্তিতে উলিস্নখিত তারিখসমূহের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসার, জুড়ীর অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (যে কোন তফসিলি ব্যাংক হতে) দাখিল সাপেক্ষে আবেদন ফরম ক্রয় করা যাবে।

৬। আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি, বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজ সেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং বিগত ০২ বৎসরের অডিট রিপোর্ট দাখিল করবেন। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবি সমবায় সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রযোজ্য হবে না।

৭। আবেদনকারী সংগঠন/সমিতি নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় তাদের সদস্যগণের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন।

৮। আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতিকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্যসচিবের সীল সম্বলিত স্বাক্ষরযুক্ত নির্দিষ্ট ফরম সংগ্রহ করে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্ট ও লেনদেন সংক্রামত্ম প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। এ ছাড়া সংশিস্নষ্ট মৎস্যজীবি সংগঠন/সমিতিকে ৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশিস্নষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিল যোগ্য হবে।

৯। আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতি কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধ খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রামত্ম কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে উক্ত সংগঠন/সমিতি জলমহাল বন্দোবসত্ম পাওয়ার যোগ্য হবে না।

১০। বিজ্ঞপ্তিতে অমত্মর্ভুক্ত সংশিস্নষ্ট জলমহালের জন্য দাখিলকৃত ইজারা মূল্যের ২০% ব্যাংক পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার,জুড়ীর অনুকুলে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজপ্রাপ্ত সমিতির জামানতের অর্থ ইজারার শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরত প্রদান করা হবে। পূর্ববতী ৩ বৎসরের সর্বোচ্চ ইজারা মূল্যের ৫% বর্ধিত হারে আবেদনপত্র দাখিল করতে হবে ।

১১। কোন নির্দিষ্ট জলমহালের বিপরীতে এক বা একাধিক সমিতি/সংগঠন আবেদন করলে এবং সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর যাবতীয় শর্তের আলোকে উপযুক্ত বিবেচিত হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক আলাপ আলোচনার মাধ্যমে একটি নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতিকে সংশিস্নষ্ট জলমহাল ইজারা/ বন্দোবসত্ম প্রদান করা হবে।

১২। সময়মত লীজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারনে কোন জলমহালের লীজ বাতিল করা হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথা নিয়মে লীজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৩। বন্দোবসত্ম গ্রহীতা সংশিস্নষ্ট জলমহালের বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সম্বলিত তথ্য উপজেলা নির্বাহী অফিসারকে অবগতির জন্য পেশ করবেন, যা সংশিস্নষ্ট কর্তৃপক্ষ সরেজমিনে পরিদর্শন/যাচাই করবেন। কোন অনিয়ম পরিলক্ষিত হলে আইন/বিধিগত ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪। লীজ গ্রহীতা কোন মৎস্যজীবি সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হসত্মামত্মর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে, তা হলে উক্ত লীজ বাতিল করা হবে। জমাকৃত লীজমানি সরকারের অনুকুলে বাজেয়াপ্ত হবে এবং উক্ত লীজগ্রহীতা মৎস্যজীবি সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবসত্ম সংক্রামত্ম কোন আবেদন করতে পারবে না।

১৫। কোন মৎস্যজীবি সমবায় সমিতি/ সংগঠন/সমিতি দুটির অধিক জলমহাল ইজারা বন্দোবসত্ম পাবে না।

১৬। (ক) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধামেত্মর প্রেক্ষিতে বন্দোবসত্ম প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবি সমিতি/ সংগঠনকে ১ম বছরের সমুদয় রাজস্ব ও অন্যান্য করাদি সিদ্ধামত্ম প্রদানের ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে সমুদয় ইজারা মুল্য সরকারের জলমহাল ও পুকুর ইজারা ১/৪৬৩১/০০০০/১২৬১ নম্বর কোডে চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে । অন্যথায় জামানত বাজেয়াপ্ত করে পুনরায় আবেদন আহবান করা হবে। নীতিমালা অনুসারে প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% হারে ভ্যাট ও ৫% আয়কর পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর বন্দোবসত্ম গ্রহীতা লীজ চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন।

(খ) ২য় বছরের সর্ম্পূণ ইজারা মূল্য ও আয়কর, ভ্যাটসহ ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং পরবর্তী বছর সমূহের ইজারা মূল্য একই ভাবে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতিত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকুলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিসিত্মতে পরিশোধ করা যাবে না।

১৭। জলমহাল ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে শুরম্ন হবে এবং বছরের যে কোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। এই সময়ের মধ্যে কোন কারণে খাস কালেকশন করা হয় তবে তা সরকারী খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সমিতি/সংগঠন পাবে না ।

১৮। (ক) ইজারা/বন্দোবসত্ম বাতিলকৃত জলমহাল/জলাশয় উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি বিধি মোতাবেক পুনঃ ইজারার ব্যবস্থা করবেন।

(খ) ইজারা মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশিস্নষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে।

ইজারা মেয়াদ শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার,স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যসত্ম হবে।

(গ) ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা যাবে না।

১৯। সরকার নির্ধারিত ইজারা মূল্য অপেক্ষা কম মূল্যে কোন জলমহাল ইজারা দেওয়া হবে না।

২০। (ক) কোন জলমহালের বিষয়ে মহামান্য হাইকোর্ট/বিজ্ঞ দেওয়ানী আদালত/ভূমি মন্ত্রণালয়/ভূমি আপীল বোর্ড/বিজ্ঞ রাজস্ব আদালতের মামলায় স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর পরিচালিত হবে।

২১। জলমহাল বন্দোবস্ত সম্পর্কিত যাবতীয় তথ্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

২২। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরনের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না। এরূপ করা হলে বন্দোবসত্ম বাতিল করা হবে।

২৩। বন্দোবসত্মকৃত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না।

২৪। যে সকল জলমহাল থেকে জমিতে পানি সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখানে থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। ইজারাকৃত বদ্ধ জলমহালে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে।

২৫। বর্ষা মৌসুমে যখন ইজারাকৃত জলাশয় সংলগ্ন পস্নাবন ভূমির সাথে পস্নাবিত হয়ে একক জলাশয়ে রূপ নেয়, তখন ইজারাদার ইজারাকৃত জলমহাল ব্যবস্থাপনার অধিকার কেবল ইজারাদারকৃত জলাশয়ে সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে। তখন ইজারাদার ইজারাকৃত জলমহাল ব্যবস্থাপনার অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকে।

২৬। ইজারাকৃত জলমহালে কোন রাক্ষুসে মাছ অথবা অননুমোদিত বিদেশী প্রজাতির মাছ চাষ করা যাবে না। বন্দোবসত্ম গ্রহীতা সরকারী জলমহালে বিষ প্রয়োগ করে কিংবা নিষিদ্ধ ঘোষিত জাল দ্বারা বা মৎস্য আইনে নিষিদ্ধ অন্য কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না।

২৭। জলমহালসমূহের তীরবর্তী সরকারি ভূমিতে পরিবেশ বান্ধব করচ গাছের সৃষ্টি করতে হবে, যা মাছের নিরাপদ আশ্রয়ভূমি হিসেবে গণ্য হবে।

২৮। সরকারি জলমহালের পাড়ে সামাজিক বনায়নের বনজ সম্পদ বৃদ্ধির জন্য ইজারা গ্রহীতা সমিতি চুক্তিবদ্ধ থাকবেন।

২৯। বর্তমানে প্রচলিত নীতিমালা এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল বিধি-বিধান/আইন-কানুন ইজারা গ্রহীতা মানতে বাধ্য থাকবেন ।

(স্বাক্ষরিত)
(অসীম চন্দ্র বনিক)
উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী, মৌলভীবাজার।
ফোন নং ০৮৬২৭-৫৭০০১

স্মারকনং-০৩.৪৬.৫৮৩৫.০০৩.০৯.০৩৩.১৮.৯৩ তারিখঃ**Error!**

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে-

1. মাননীয় হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ( মাননীয় সংসদ সদস্য-২৩৫ মৌলভীবাজার-১।
2. জেলা প্রশাসক, মৌলভীবাজার।

জ্ঞাতার্থে ও কার্যার্থে-

3. উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর/কুলাউড়া/কমলগঞ্জ/শ্রীমঙ্গল/বড়লেখা/মৌলভীবাজার সদর।
4. সহকারী কমিশনার (ভূমি), জুড়ী/রাজনগর/কুলাউড়া/কমলগঞ্জ/শ্রীমঙ্গল/বড়লেখা/মৌলভীবাজার সদর।
5. উপজেলা ------------------------- কর্মকর্তা, জুড়ী।
6. চেয়ারম্যান, ---------------------- ইউপি(সকল), জুড়ী।
7. সম্পাদক, দৈনিক ---------------------, বিজ্ঞপ্তিটি শর্তাবলী ছাড়া স্বল্প পরিসরে পত্রিকায় ১(এক) টি সংখ্যায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
8. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, --------------------- ইউনিয়ন ভূমি অফিস, জুড়ী। বিজ্ঞপ্তিটি মাইকযোগে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
9. সভাপতি/সম্পাদক..........................................মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, জুড়ী।
10. জনাব-------------------------------------------প্রাক্তন ইজারাদার--------------------------------------

উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী, মৌলভীবাজার্র